১৪৭

দৈনিক সংবাদ

তারিখ ...MAR. 4 ..1989 ... ...
পৃষ্ঠা: ৩ কলাম ৭ ......

# ডি লিট পেলেন ফিরোজা বেগম

সঙ্গীত জগতে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ বর্ধমান বিশ্ববিদ্যালয়ের সাম্মানিক ডি লিট পেলেন বিশিষ্ট নজরুলগীতি শিল্পী ফিরোজা বেগম।



ফিরোজা বেগম

সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে সশরীরে হাজির হয়ে পশ্চিমবঙ্গের রাজ্যপাল ডঃ এ আর কিদোয়াইয়ের হাত থেকে শিল্পী ডি লিট উপাধি গ্রহণ করেন। গানের জন্য এই পুরস্কার পাওয়ায় ভীষণ খুশি এই প্রবীণ শিল্পী। তিনি বলেন, ভাবতেই পারিনি এত বড় সম্মান পাব। রসিকতা করে বললেন, অনেক প্রতিকূলতার মধ্য দিয়ে গানের জগতে এসে তাহলে ভুল করিনি।

বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ দিলীপ বসু শিল্পীকে সাম্মানিক ডি লিট দেয়ার কারণ ব্যাখ্যা করে বলেন, ফিরোজা বেগম নজরুলের গানের প্রসার আর প্রচারে কাজে যে ভূমিকা রেখেছেন তার জন্যই তাকে এই সম্মান দেয়া হলো। ভৌগোলিক সীমানার ভেদাভেদকে পায়ে মাড়িয়ে তিনি পশ্চিম বাংলা ও বাংলাদেশের মানুষের কাছে আজ কিংবদন্তি শিল্পী হিসেবে পরিচিত। এই বয়সেও যেভাবে নজরুলগীতির প্রচারের জন্য নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন তা সত্যি ভাবা যায় না।

একই অনুষ্ঠানে সাম্মানিক ডি লিট উপাধি প্রদান করা হয় প্রবীণ স্বাধীনতা সংগ্রামী ও সি পি এম নেতা বিনয় কৃষ্ণ চৌধুরী, সাহিত্যিক রমাপদ চৌধুরী, বিখ্যাত অভিনেতা 'দাদামনি' অশোক কুমার অসুস্থতার জন্য হাজির থাকতে পারেননি। সমাবর্তনে ভাষণ দেন ভারতীয় মহাকাশ গবেষণা কেন্দ্রের চেয়ারম্যান ডঃ কে কস্তুরীরঙ্গন।